দর্শনায় শহীদ আবু সাঈদ টি-টেন ক্রিকেট টুনার্মেন্ট অনুষ্ঠিত

দর্শনায় শহীদ আবু সাঈদ টি-টেন ক্রিকেট টুনার্মেন্ট অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (৮ নভেম্বর) বিকাল ৩টায় দর্শনা কলেজ মাঠে শহীদ আবু সাঈদ ক্রিকেট টুনার্মেন্ট অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক ও সিনিয়ার সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, নাহারুল ইসলাম মাষ্টার ও ব্রাইট।

উক্ত খেলার যে দল দুইটি অংশ নেয় এরা হলেন রাফাত স্পোটিং বনাম মনোরঞ্জন স্পোটিং ক্লাব। শুরুতেই রাফাত স্পোটিং সব কয়টি উইকেট হারিয়ে ১০৬ রান করেন। দ্বিতীয় রাউন্ডের খেলায় মনোরঞ্জন স্পোটিং ক্লাব ৮১ রান করে অল আউট হয়ে যায়। ফলে রাফাত স্পোটিং ২৫ রানে বিজয়ী হয়।

সকল অনুষ্ঠান পরিচালনা করেন,শাওন, সাজু, রকি, উজ্জল, আলামিন. সাঈদ, সংগ্রাম, শরীফ ও রিদয় প্রমুখ।

দামুড়হুদা চন্দ্রবাস ভৈরবপাড়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা চন্দ্রবাস ভৈরবপাড়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (০৮ নভেম্বর) বিকাল ৪ টার সময় চন্দ্রবাস মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়।

বিএনপি নেতা নূর ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক মেম্বার আবুল কাশেম। খেলায় দামুড়হুদা স্পোর্টিং

ক্লাবের পক্ষে মাঠে উপস্থিত থেকে খেলা উপভোগ করেন সাবেক মেম্বার ও বিএনপি নেতা ইকরামুল হোসেন।

টুর্নামেন্টের ফাইনাল খেলায় যে দুটি দল অংশগ্রহণ করেন তারা হলো, দামুড়হুদা স্পোর্টিং ক্লাব বনাম কুতুবপুর ফুটবল একাদশ। খেলায় উভয় দল একটি একটি করে গোল করে খেলা ড্র হয় এবং ট্রাইবেকার পর্যন্ত পৌঁছায়। ট্রাইবেকারে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব পাঁচটি গোল করে এবং কুতুবপুর ফুটবল একাদশ চারটি গোল করে, ফলে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয় এবং কুতুবপুর ফুটবল একাদশ রানার্সআপ হয়। টুর্নামেন্টের ম্যানঅব দা সিরিজ হয় দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের মোঃ ইমরান হোসেন এবং ম্যানঅব দা ম্যাচ হয় গোলকিপার মোঃ আনারুল ইসলাম।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন, জাকির হোসেন এবং সহকারী রেফারির দায়িত্ব পালন করেন হুমায়ুন আহমেদও রজব আলী।

টুর্নামেন্ট শেষে দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের কোচ ম্যানেজার শহীদ আজম সুদু বলেন, এ বিজয় শুধু আমাদের ক্লাবের বিজয় নয় এ বিজয় আমাদের সকলের। নিয়মিত খেলাধুলার আয়োজন করলে ছেলেরা সব মাঠে থাকবে, পড়াশোনা নিয়ে ব্যস্ত থাকবে ফলে মাদক থেকে দূরে থাকবে। চন্দ্রবাস ভৈরবপাড়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় দামুড়হুদা স্পোর্টিং ক্লাব চ্যাম্পিয়ন হয়। আজকের বিজয়ে চুয়াডাঙ্গা জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি ও দামুড়হুদা স্পোটিং ক্লাবের সভাপতি ইখলাস উদ্দিন সুজন খেলায় অংশগ্রহণকারী সকলকে, ক্লাবের সকল কর্মকর্তা ও পৃষ্ঠপোষক সবাইকে ধন্যবাদ ও অভিনন্দন জানান।

খেলা শেষে অতিথিদের হাত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয় এবং চ্যাম্পিয়ন দলকে চ্যাম্পিয়ন ট্রফি প্রদান করা হয়।

দামুড়হুদায় জাতীয় বিপ্লব ও

[redacted]

[redacted]

[redacted]

[

ইয়াসিন আরাফাত, শাকিল হোসেন।

দামুড়হুদা স্বেচ্ছাসেবক দলের নেতা সাইফুল ইসলাম, রফিকুল ইসলাম, যুবদল নেতা মনি, তরিকুল ইসলাম রানা, মাসুদ রানা, সোহাগ হোসেন, তিতাস হোসেন, রুবেল।

উপজেলা যুবদলের সদস্য তরিকুল ইসলাম, সজল, যুবদল নেতা রকিবুল ইসলাম রকিব, দামুড়হুদা উপজেলা ছাত্র দলের সদস্য শাহনাজ বিদ্যুৎ।

এছাড়াও উপস্থিত ছিলেন, রুবেল জান্নাত, আলামিন, সোহাগ, মানিক, লিংকন, মামুন, সালমান, হাসান, রাকিব আলী, আশিক, শরিফুল ইসলাম, ইমন, মামুন, সহিদুল, মিঠুন, জামালসহ স্থানীয় নেতাকর্মী বৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক আসাদুল হক।

দামুড়হুদা দলিয়ারপুর বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের দলিয়ারপুর ৯নং ওয়ার্ড বিএনপির উদ্যেগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকাল ৪টার দিকে দলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে এই কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

৯নং ওয়ার্ড বিএনপির সভাপতি শফিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, সমাজ থেকে মাদক সেবনকারী ও মাদক ব্যবসায়ীদের উচ্ছেদ করতে হবে। মাদক উচ্ছেদের ব্যাপারে আইনশৃঙ্খলা বাহিনীর কাছে আমরা অনুরোধ করবো এদিকে আপনারা লক্ষ্য রাখুন আমরা আপনাদের মাদক উচ্ছেদের ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা করব। সেই সাথে বিএনপি দলের ভেতর কোনো চাঁদাবাজি উচ্ছৃংখল কাউকে স্থান দেওয়া হবে না। বিএনপি একটি শান্তি প্রিয় ও জনগণের আস্থার

দল।

অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, এসময় তিনি বলেন, আমরা মানুষের মৌলিক অধিকারের জন্য ১৭ বছর থেকে আন্দোলন সংগ্রাম করছি। এ আন্দোলন সংগ্রাম করতে গিয়ে আমাদের অনেক নেতাকর্মীকে গুম করা হয়েছে। মানুষের মৌলিক অধিকার এবং ভোটের অধিকার আদায়ের জন্য আন্দোলন সংগ্রাম করতে গিয়ে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার ৮০ বছর বয়সে মিথ্যা মামলায় সাত বছর কারাবরণ করতে হয়েছে। ভোটের অধিকার প্রতিষ্ঠা করতে গিয়ে দেশনায়ক তারেক রহমানকে একের পর এক মিথ্যা মামলা দিয়ে তাকে বিদেশের মাটিতে থাকতে বাধ্য করেছে শেখ হাসিনা। ১৭ টি বছর ধরে মানুষের উপর অন্যায় অত্যাচার নিপীড়ন করে আসছে। আমরা দেখেছি, শাপলা চত্ত্বরে কিভাবে হাজার হাজার মাদরাসার ছাত্রদের উপর গুলি করে হত্যা করা হয়েছিল। তারপর আমরা দেখেছি কিভাবে দেশনেত্রী বেগম খালেদা জিয়া তার ৪০ বছরের বসবাসরত বাড়ি থেকে বের করে দেওয়া হয়েছিলো। এভাবে ১৭ বছর মানুষের উপর অন্যায় অত্যাচার করেছে, তারই বিস্ফোরণ ঘটেছে ৫ আগষ্ট ছাত্র জনতার বিপ্লবের মাধ্যমে।

জুড়ানপুর ইউনিয়ন যুবদল নেতা কামরুল হাসান টুটুলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা থানা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, দামুড়হুদা থানা বিএনপির সভানেত্রী সালমা জাহান পারুল। জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইদ্রিস আলী, সাধারণ সম্পাদক মোঃ রুহুল আমিন।দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইকরামুল হক, যুগ্ম আহ্বায়ক রকিবুল হাসান তোতা, যুগ্ম আহ্বায়ক জাহিদুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক জাহিদুর রহমান।

এসময় আরো উপস্থিত ছিলেন জুড়ানপুর ইউনিয়ন যুবদল নেতা রাজীব আহমেদ, সেলিম উদ্দিন, রনি মল্লিক, ইমরান আহমেদ, নাঈম হোসেন, আস্তান মন্ডল। ইউনিয়ন ছাত্রদল নেতা তৌহিদ রেজা তুষার, মাহফুজুর রহমান মাহফুজ, আশিক, লাবিব, মিশর, পাপ্পু, হাপুসহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় রেলপথ আটকে বিক্ষোভ ও মানববন্ধন

সুন্দরবন এক্সপ্রেস’ ও ‘বেনাপোল এক্সপ্রেস’ নামে দুটি ট্রেনের রুট পরিবর্তনের সিদ্ধান্ত বাতিল এবং চুয়াডাঙ্গা স্টেশন হয়ে চলাচল অব্যাহত রাখার দাবিতে রেলপথ অবরোধ করে বিক্ষোভ ও মানববন্ধন করা হয়েছে।

গতকাল সোমবার সকাল সাড়ে এগারোটাই চিত্রা এক্সপ্রেস ট্রেনটি যশোর হয়ে চুয়াডাঙ্গায় ঢুকলে রেলস্টেশনে আটকে রেখে বিক্ষোভ ও মানববন্ধন করেন স্থানীয় লোকজন।

খুলনা থেকে ছেড়ে আসা চিত্রা এক্সপ্রেসটি চুয়াডাঙ্গা হয়ে ঢাকা যাচ্ছিলো। এ সময় ট্রেনটি চুয়াডাঙ্গা স্টেশনে পৌঁছালে স্থানীয় লোকজন ট্রেনটি আটকে বিক্ষোভ ও বিভিন্ন স্লোগান দিতে থাকে। পরে বেলা বারোটার সময় অবরোধকারীরা রেলপথ থেকে সরে গেলে ট্রেনটি ঢাকার উদ্দেশ্য ছেড়ে যায়।

বিক্ষোভকারী ব্যক্তিরা জানান, খুলনা থেকে ছেড়ে আসা ঢাকাগামী ‘সুন্দরবন এক্সপ্রেস’ ও বেনাপোল থেকে ছেড়ে আসা ঢাকাগামী ‘বেনাপোল এক্সপ্রেস’ ট্রেন দুটি ১৫ নভেম্বর থেকে চুয়াডাঙ্গা পরিহার করে যশোর-নড়াইল হয়ে পদ্মা সেতু দিয়ে ঢাকায় যাওয়ার কথা। এমন খবর চুয়াডাঙ্গা জেলায় ছড়িয়ে পড়ে। ট্রেন দুটির রুট পরিবর্তন হলে চুয়াডাঙ্গাসহ আশপাশের জেলার মানুষ রেলসেবা থেকে বঞ্চিত হবেন। ফলে দুটি ট্রেনের রুট বদল না করার দাবিতে তাঁরা রেলপথ অবরোধ ও মানববন্ধন করেন।

এ সময় চুয়াডাঙ্গার স্থানীয় ট্রেন যাত্রী সালমান হোসেন বলেন , ১৫ নভেম্বর থেকে সুন্দরবন এক্সপ্রেস ও বেনাপোল এক্সপ্রেস ট্রেন দুটি চুয়াডাঙ্গা শহর থেকে প্রত্যাহার করে যশোর-খুলনা হয়ে পদ্মা সেতু দিয়ে ঢাকায় যাবে বলে জেনেছি। এটি কোনোভাবেই আমরা হতে দেব না। এমন সিদ্ধান্ত বাতিলের দাবিতে আমার চুয়াডাঙ্গা রেলস্টেশনে মানববন্ধন করছি।
চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষার্থী সাকিব বিশ্বাস বলেন,

চুয়াডাঙ্গা শহর থেকে ট্রেন কেন, একটি পাথর আমরা সরাতে দেব না। ট্রেন দুটি তো থাকবেই, অনেক আগে থেকে আরও নতুন ট্রেন স্থাপনের দাবি জানিয়ে আসছি। সেই দাবি না মানলে আমরা কঠোর আন্দোলন চালিয়ে যাবো।

দর্শনা থানা পুলিশের অভিযানে গ্রেফতার ৩

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ৩ জন পরোয়ানাভুক্ত আসামিকে গ্রেফতার করেছে।

জানাযায় আজ সোমবার (৪ নভেম্বর) ভোরের দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে, দর্শনা থানা পুলিশের একটি বিশেষ টিম অভিযান চালিয়ে সি আর মামলার দীর্ঘদিনের ৩ পলাতক আসামীকে তাদের নিজ নিজ বাড়ি থেকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামি তিতুদহ ইউনিয়নের বড়সলুয়া গ্রামের জাহাঙ্গীর আলমের ছেলে রাজন মিয়া (৩০) দর্শনা পৌরসভার পরানপুর গ্রামের মোজাম্মেল মন্ডলের ছেলে নূর আলম (৩৪) ও দর্শনা দক্ষিণ চাঁদপুর মাঝপাড়ার হারন অর রশিদের ছেলে হাবিবুরকে (৩০)গ্রেফতার করে।

গ্রেফতারকৃত ৩ জন সিআর ও জিআর মামলার দীর্ঘদিনের পলাতক আসামি। আজ তাদেরকে ৩ জনকে চুয়াডাঙ্গা কোট হাজতে সোপর্দ করেছে।

আলমডাঙ্গায় বোরো মৌমুমে

উৎপাদন খরচ বেড়েছে ধানে, আবাদ বাড়ছে ভুট্টা-সরিষার

আলমডাঙ্গা উপজেলায় বোরো মৌসুমে ধানের পরিবর্তে ভুট্টা ও সরিষা আবাদে ঝুঁকছেন কৃষকেরা। কম খরচে অধিক ফলন ও সরকারি প্রণোদনার বীজ ও কীটনাশক সার পাওয়ায় গত বছরের তুলনায় এবছর ভুট্টা ১’শত ১০ হেক্টর ও সরিষা ৩’শত ৩০ হেক্টর জমিতে আবাদ বেড়েছে। পাশাপাশি কিছুটা বেড়েছে আলু ও গম চাষ।

কৃষক ও কৃষি কর্মকর্তারা বলছেন, বর্তমানে ধানের দাম কম এবং সেচ, সার ও কীটনাশকে খরচ বেশি হওয়ায় বোরো ধানের আবাদে তেমন একটা লাভ হয় না। অন্যদিকে কম খরচে ভুট্টা চাষে লাভ বেশি হওয়ায় কৃষকেরা বোরোর আবাদ কমিয়ে দিচ্ছেন। এছাড়াও আলু ও গম চাষেও ঝুঁকছে কৃষকেরা।

উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, উপজেলায় মোট আবাদি জমির পরিমাণ ২৯ হাজার ২৭৫ হেক্টর। গত ২০২২-২৩ মৌসুমে ১৩ হাজার ৬৪৫ হেক্টর জমিতে ভুট্টার আবাদ করা হয়। এছাড়া সরিষা ২ হাজার ১৫০ হেক্টর, আলু ১’শত ৪৮ হেক্টর, গম ৩’শত ৬০ হেক্টর। (রোপা আমন) এছাড়া ধান চাষ করা হয়েছিল ১৬ হাজার ৫২৪ হেক্টর জমিতে।

এক বছরের ব্যবধানে ভুট্রা ও সরিষা চাষ বেড়েছে ৪ শত ৪০ হেক্টর জমিতে। চলতি ২০২৪-২৫ মৌসুমে ভুট্রা চাষ হচ্ছে ১৩ হাজার ৭৫৫ হেক্টর জমিতে। এছাড়া সরিষা ২ হাজার ৪৮০ হেক্টর, আলু ২ শত ৬৩ হেক্টর, গম ৩ শত ৯৯ হেক্টর। এদিকে গত মৌসুমের তুলনায় এবছর ১৬ হাজার ৫৩৫ হেক্টর জমিতে আমন ধান চাষ হয়েছে।

আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের সাহেবপুর গ্রামের কৃষক আবদুল জব্বার বলেন, গত বছর তিনি এক বিঘা জমিতে ভুট্টা এবং দুই বিঘায় বোরো আবাদ করেছিলেন। তবে এবার তিনি তিন বিঘায় ভুট্টার আবাদ করেছেন এবং তিনি আরও ১২ শতক জমি লিজ নিয়েছেন, ওই জমিতে বোরো ধান আবাদ করবেন।

প্রান্তিক কৃষকদের সঙ্গে কথা বলে জানা গেছে, বোরো আবাদে খরচ বেশি হলেও ধানের দাম কম। এক বিঘা জমিতে ১৬ থেকে ২০ মণ ধান হয়। প্রতি মণ ধানের দাম ১১০০ থেকে ১২০০ টাকা। আর এক বিঘা জমিতে

ভুট্টা হয় ৩০ থেকে ৩৫ মণ। প্রতি মণ ভুট্টার দাম ১২০০ থেকে ১৩০০ টাকা। ভুট্টায় সেচ খরচও কম। এক মণ ধানে উৎপাদন ব্যয় প্রায় ৮০০ টাকা এবং ভুট্টায় প্রায় সাড়ে ৬০০ টাকা। উৎপাদন ব্যয় কম এবং লাভ বেশি হওয়ায় তাঁরা ভুট্টা চাষে ঝুঁকছেন।

আলমডাঙ্গা উপজেলা জেলা কৃষি কর্মকর্তা রেহানা পারভিন বলেন,‘ কীটনাশক সার ও বীজের পাশাপাশি বোরো চাষের খরচ বেড়ে যাওয়ায় কৃষকের ভুট্টাসহ অন্যান্য ফসল চাষে আগ্রহী হচ্ছেন। তবে আমন আবাদ স্থিতি রয়েছে। এ কারণে ধান উৎপাদনে তেমন কোনো নেতিবাচক প্রভাব পড়বে না। তিনি আরও বলেন, প্রান্তিক কৃষকদের মাঝে সরকারি প্রণোদনা সার বীজ বিতরণ করা হচ্ছে। মাঠ পর্যায়ে সকল কৃষি কর্মকর্তারা কৃষকদের পরামর্শ দিয়ে আসছেন।

চুয়াডাঙ্গায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কমিটি ঘোষণা

চুয়াডাঙ্গায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহবায়ক কমিটি ঘোষণা করা হয়েছে। গতকাল রবিবার রাত সাড়ে দশটায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্যাডে কেন্দ্র থেকে এই কমিটি ঘোষণা করা হয়। ১০১ সদস্য বিশিষ্ট কমিটিতে আহ্বায়ক হিসেবে আসলাম অর্ক ও সদস্য সচিব হিসেবে সাফফাতুল ইসলামের নাম ঘোষণা করা হয়।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় আহ্বায়ক হাসনাত আব্দুল্লাহ ও সদস্য সচিব আসিফ সোহেল স্বাক্ষরিত একটি প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে কমিটির সদস্যদের নাম ঘোষণা করা হয়েছে।

এতে মূখ্য সংগঠক সজীবুল ইসলাম, মূখপাত্র তামান্না খাতুন, যুগ্ম আহবায়ক তানভীর রহমান অনিক, যুগ্ম সদস্য সচিব রেজাউল বাসার প্লাবন, সংগঠক কামরুল হাসান কাজল সহ কমিটির বাকি সদস্যদের নাম ঘোষণা করা হয় ।

দর্শনা সরকারী কলেজে কেন্দ্রীয় ছাত্রদলের সাধারণ সম্পাদক নাসির উদ্দিন

শিক্ষার্থীরাই ঠিক করবে ছাত্র দলের রাজনীতি কেমন হবে। তাদের মতামত নিতে আমি চুয়াডাঙ্গা ও দর্শনা সরকারি কলেজ এসেছি। ছাত্র-ছাত্রীরা জঙ্গি সংগঠন ছাত্রলীগের মত খুন গুম, ধর্ষণ, চাঁদাবাজি, দখলদারিত্র টেন্ডারবাজি ও মাদক ব্যবসায়ীদের রাজনীতি চাইনা। তারা চাচ্ছে সুন্দর সুষ্ঠু বৈষম্যহীন অংশীদারিত্ব ধারার রাজনীতি। যেখানে নারী ও পুরুষ সমান ভাবে অংশগ্রহণ করবে। দেশে রাজনীতিতে জাতীয় পার্টির রাজনীতি খুনি হাসিনার দোসর হিসেবে পক্ষ নিয়েছিল।

৫ই আগস্টের পর প্রেক্ষাপট ফিরেছে সুস্থ রাজনীতির ধারা। স্বাভাবিক রাজনীতিতে সুন্দর পরিবেশে ফিরে এসেছে। সময় তাদের পার্টি অফিস পুড়িয়ে দেয়া কে স্বাভাবিক শৃঙ্খলা বিনষ্ট করা হচ্ছে বলে মনে করছি। যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম বাংলাদেশের নিয়ে সম্প্রতি যেসব অনৈতিক মন্তব্য করেছে তার তীব্র প্রতিবাদ করছি ।

বাংলাদেশকে নিয়ে ভারতীয় মিডিয়ায় বিভিন্ন বিভ্রান্তিমূলক জঙ্গি রাষ্ট্র হিসেবে আখ্যা দিয়ে সংবাদ প্রকাশ করে ষড়যন্ত্র করছে। এই সময় জাতীয় পার্টির অফিস পুড়িয়ে দেয়া বিষয়টি অন্যদিকে প্রবাহিত করার পায়তারা চলাচ্ছে। জাতীয় পার্টির রাজনীতি করবে কিনা করবে না সেটা জনগণই ঠিক করবে। নির্বাহী আদেশে রাজনৈতিক বন্ধ করলে দেশে নতুন একটা সংকট দেখা দিতে পারে। বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যার পর বুয়েট কর্তৃপক্ষ ছাত্রলীগের রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করে ছিলেন। তারই প্রতিফলন হিসেবে জঙ্গি সংগঠন ছাত্রলীগের রাজনীতি নিষিদ্ধ করেছে এটাকে আমরা সাধুবাদ জানায়। মেধার ভিত্তিতে ছাত্রদলের রাজনীতি গড়ে উঠেছে । মেধাবী রাজনীতিতে সবার অংশীদারিত্ব নিশ্চিত করতে চাই বলে মন্তব্য করলেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক নাসির উদ্দিন নাসির।

আজ রোববার দুপুরে চুয়াডাঙ্গা জেলা দামুড়হুদা উপজেলার দর্শনা সরকারি কলেজের ছাত্র-ছাত্রীদের সাথে মতবিনিময় ও দেশনায়ক তারেক রহমানের নির্দেশনা লিফলেট বিতরণী শেষে এ কথা বলেন তিনি।

এসময় তিনি দর্শনা সরকারি কলেজ চত্বরে শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে বৃক্ষরোপন করে এবং দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ শফিকুল ইসলাম সহ কলেজের শিক্ষকদের সাথে শিক্ষার মান উন্নতি করার লক্ষ্যে আলোচনাসভা করেন।পরে দর্শনা ছাত্রদলের নেতাকর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, শহীদ জিয়ার আদর্শ মেনে চলতে হবে। আপসহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনা ও বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারপারসন দেশনায়ক তারেক রহমানের নির্দেশনা মেনে সৎ আদর্শময় রাজনীতি করার নির্দেশনা দেন।

উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সভাপতি শাজাহান খান, সিনিয়র সহ-সভাপতি তৌফিক এলাহী, সাধারণ সম্পাদক মমিন মালিতা, যুগ্ম সাধারণ সম্পাদক জুয়েল মাহমুদ, সাংগঠনিক সম্পাদক আহসান হাবীব মামুন, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের আহবায়ক ফজলুর রহমান, সদস্য সচিব পলাশ আহমেদ, সিনিয়র যুগ্ন আহবায়ক মোফাজ্জল হোসেন মোফা, যুগ্ম আহবায়ক হোসাইন, পাপ্পু, আসিফ হোসেন, রাজু আহমেদ, আব্বাস হোসেন প্রমুখ।

দর্শনায় বিএনপির ৩১ দফা প্রস্তাব বাস্তবায়নের লক্ষে লিফলেট বিতরণ

সারা দেশের ন্যায় দর্শনায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান কতৃক জাতির সামনে উপস্থাপিত রাষ্ট কাঠমো মেরামতে ৩১ দফা বাস্তবায়নের লক্ষে লিফলেট বিতরন ও আলোচনাসভা অনুষ্টিত হয়েছে।

আজ রবিবার বেলা সাড়ে ১২ টার দিকে দর্শনা রেলবাজার শাহারিয়ার শুভ মুক্ত মঞ্চে অনুষ্টিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন দর্শনা পৌর স্বেচ্ছা সেবক দলের আহবায়ক আব্দুল মান্নান।

অনুষ্ঠানে প্রধান অতিথী হিসাবে আলোচনা করেন বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক নাজমুল হাসান।

এসময় তিনি বলেন, ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনতে হবে। আগামী দিনের রাষ্ট নায়ক তারেক রহমানের হাতকে শক্তিশালী করতে হবে। আপনারা দলকে সুসংগঠিত দল হিসাবে জনগনের কাছে তুলে ধরুন এবং দলকে আগামী দিনে দেশ চালাতে জনগনের সামনে তারেক জিয়ার ৩১ দফা বাস্তবায়নে কাজ করুন।

এ সময় তিনি আরও বলেন,স্বৈরশাসক শেখ হাসিনাসহ একযোগে সবাই পালিয়ে যাওয়া সারাবিশ্ব ব্যাপি নজির বিহীন।তাই এখন দেশের বাইরে বসে দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে সে দিকে খেয়াল রাখবেন। এদেশ আগামীতে রাষ্টনায়ক তারেক রহমানের দেশে এনে জনগনের সেবা করার সুযোগ দেন।পরে দর্শনা রেল বাজার ব্যাবসায়ীদের ও পথচারীদের মাঝে ৩১ দফা বাস্তবায়নের লক্ষে লিফলেট বিতরন করেন।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বেচ্ছাসেবকদলের সহ-সাধারণ সম্পাদক মোঃ বাবুল সারেং, সমাজ সেবা বিষয়ক সম্পাদক মামুন হাশেমী দিপু, কেন্দ্রীয় সংসদের সদস্য আমান উল্লা আমান, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, সাধারণ সম্পাদক এম, এ, তালহা, এছাড়া আরও উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ সভাপতি সৈয়দ শরিফুল আলম বিলাস, সহ সভাপতি এহ্সানুল হক স্বরাজ, সিনিয়র যুগ্ম সম্পাদক মনজুরুল জাহিদ, হামিদ উদ্দিন বাবু, আরিফুর রহমান রিবন, সাংগঠনিক সম্পাদক শামীম হাসান টুটুল, নাট্য বিষয়ক সম্পাদক মোমিনুল ইসলাম।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য ও সঞ্চালনা করেন দর্শনা থানা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক নুর আলম সিদ্দিকী মজনু।

এছাড়াও উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, সমন্বয়ক নাহারুল ইসলাম মাষ্টার, শরীফ উদ্দিন, আল হাজ্ব মশিউর রহমান, নাসির উদ্দিন খেদু, শফিউল আজম তোতা, আরও উপস্থিত ছিলেন দর্শনা থানা যুবদলের সদস্য সচিব মিলন মোল্লা, দর্শনা পৌর যুবদলের আহবায়ক ফারুক হোসেন, সদস্য সচিব জালাল উদ্দিন দর্শনা থানা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক রুহুল আমিন, মীর অনিক, জামাত আলী, আব্দুস সালাম, কাশেম, তাসলিম উদ্দিন মান্ডার, অনিক মোল্লা, চন্ঞল, আলামিন, জালাল, ডালিম শহিদুল, মামুন, সুজন, মিন্টু. হাকিম, আতিয়ার।

আরও উপস্থিত ছিলেন দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক এনামুল হক বাবু, সানোয়ার হোসেন, আবু সাঈদ রতন, মহিম কুমার রতন, মোমিন, আব্দুল আজিজ, মুহিন, সমীর শাহ্, এছাড়া আরও বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।